



বরিশাল বিশ্ববিদ্যালয়ে পাবলিক প্রকিউরমেন্ট বিধি ও প্রক্রিয়ার ওপর ৬ ও ৭ ডিসেম্বর ২০২৩
তারিখ দুদিনব্যাপী প্রশিক্ষণ ও ওয়ার্কশপ অনুষ্ঠিত

৬ ও ৭ ডিসেম্বর ২০২৩ তারিখ বরিশাল বিশ্ববিদ্যালয়ের আইকিউএসির আয়োজনে পাবলিক প্রকিউরমেন্ট বিধি ও প্রক্রিয়ার ওপর দুদিনব্যাপী এক প্রশিক্ষণ ও ওয়ার্কশপ বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়েছে। উক্ত প্রশিক্ষণে কয়েকটি বিভাগের চেয়ারম্যানসহ প্রায় সকল দপ্তর ও বিভাগের বিভিন্ন স্তরের কর্মকর্তাগণ অংশগ্রহণকারী হিসেবে উপস্থিত ছিলেন। প্রশিক্ষকের দায়িত্বে ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের এ বিষয়ক তালিকাভুক্ত প্রশিক্ষক নির্বাহী প্রকৌশলী জনাব এ এস এম তারিকুল হাসান যিনি বর্তমানে খুলনার সিএসসি প্রজেক্টে কর্মরত রয়েছেন। প্রশিক্ষণের উদ্বোধনী পর্বে প্রধান অতিথি ও মোটিভেশনাল স্পিকার হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের বর্তমান উপাচার্য প্রফেসর ড. মোঃহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। উদ্বোধনী পর্বের সঞ্চালক ছিলেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক ড. তাজিজুর রহমান এবং এ পর্বে সভাপতির দায়িত্ব পালন করেন আইকিউএসির পরিচালক প্রফেসর ড. মোঃ মুহসিন উদ্দীন।





আইকিউএসি কার্যালয়
বরিশাল বিশ্ববিদ্যালয়
e-mail: director-igac@bu.ac.bd

